# ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

কানাইপুর, ফরিদপুর।

pbs.faridpur.gov.bd

## "নিলাম/পূনঃনিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর এর নিম্ন বর্নিত কনডেম ঘোষিত পরিচালন ও রক্ষনাবেক্ষন ষ্টোরে(ভাজনডাঙ্গা ঘাট) রক্ষিত সাব মেরিন ক্যাবলের ষ্টিলের খালি ড্রাম ও ড্রামের ল্যাগিং জাতীয় মালামাল এবং যানবাহন সমুহ **"যেখানে যে অবস্থায় আছে"** ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি /প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র/পূনঃদরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র / নং | যানবাহনের বিবরণ | দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানতের পরিমান | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী ও স্থান | নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী: গ্রহণ | নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী: খোলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জীপ,<br>রেজিষ্ট্রেশন নং-<br>ফরিদপুর-ঘ-১১-০০০৬<br>কোম্পানী- মিটসুবিশি, জাপান,<br>সিসি-২৫৫৫, জ্বালানী- পেট্রোল | ১,০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | ০৮/০২/২০২২ খ্রিঃ হতে ২৩/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) ফরিদপুর পবিস, সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। | ২৪/০২/২০২২খ্রিঃ তারিখ ১২.০০ ঘটিকা ফরিদপুর পবিস, সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। | ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখ ১২.৩০ ঘটিকা ফরিদপুর পবিস, সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। |
| ২ | সিঙ্গেল ক্যাবিন পিকআপ,<br>রেজিষ্ট্রেশন নং-<br>ফরিদপুর-ম-১১-০০০২<br>কোম্পানী- টয়োটা, জাপান,<br>সিসি- ২২৩৭, জ্বালানী- পেট্রোল | | | | | |
| ৩ | সিঙ্গেল ক্যাবিন পিকআপ,<br>রেজিষ্ট্রেশন নং-<br>ফরিদপুর-ঠ-১১-০০১১<br>কোম্পানী- মিটসুবিশি, জাপান<br>সিসি- ১৯৯৭, জ্বালানী- পেট্রোল | | | | | |
| ৪ | মটর সাইকেল,<br>রেজিষ্ট্রেশন নং- ফরিদপুর-হ-১১-০৮৪৩<br>কোম্পানী- হোন্ডা, জাপান<br>সিসি- ১২৫, জ্বালানী- পেট্রোল | | | | | |
| ৫ | পবিসের পরিচালন ও রক্ষনাবেক্ষন ষ্টোরে রক্ষিত সাব মেরিন ক্যাবলের ষ্টিলের খালি ড্রাম ও ড্রামের ল্যাগিং জাতীয় মালামাল | ১,০০০/- | | | | |

শর্তাবলীঃ

০১॥ আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালিন সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

০২॥ আগ্রহী দরদাতাগণ ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হতে ছকে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর,কানাইপুর, ফরিদপুর (খ) পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,জোয়ার সাহারা,খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে নিলাম দরপত্র দলিল/পূনঃনিলাম দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩॥ আগ্রহী দরদাতাগন আগামী ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল গালাযুক্ত খামে নিলাম/পুনঃনিলাম দরপত্র সমুহ (ক) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাশে পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০৪॥ দরদাতাকে উপরে বর্ণিত যে কোন মালামাল/যানবাহনের জন্য আলাদা আলাদাভাবে অথবা এক সাথে সকল বা কয়েকটি যানবাহনের বা ষ্টোরে(ভাজনডাঙ্গা ঘাট) রক্ষিত সাব মেরিন ক্যাবলের ষ্টিলের খালি ড্রাম ও ড্রামের ল্যাগিং জাতীয় মালামালের জন্য মোট উদ্ধৃত্ত দরের ২৫% (পঁচিশ শতাংশ) (ফেরতযোগ্য) হারে যে কোন তফসীল ব্যাংক হতে ফরিদপুর পবিসের অনুকুলে ব্যাংক ড্রাফট আকারে নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দাখিলকৃত দরপত্র বাতিল বলে বিবেচিত হবে। দাখিলকৃত দরপত্র সমূহ বর্নিত সময়সূচী অনুযায়ী ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর এবং পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫॥ সকল ক্ষেত্রে আলাদা আলাদাভাবে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে। সীল মোহরকৃত খামের উপরে স্পষ্টাক্ষরে নিলাম যানবাহনের/ ষ্টোরে রক্ষিত সাব মেরিন ক্যাবলের ষ্টিলের খালি ড্রাম ও ড্রামের ল্যাগিং জাতীয় মালামালের বিবরণ উল্লেখ করতে হবে।

০৬॥ দরপত্র গ্রহণ/খোলার দিন যদি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে।

০৭॥ কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী মোট উদ্ধৃত দরের উপর পৃথক ভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও উৎসে কর বিক্রয়াদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখানে হতে যানবাহন সমুহ এবং সাব মেরিন ক্যাবলের ষ্টিলের খালি ড্রাম ও ড্রামের ল্যাগিং জাতীয় মালামাল ভাজনডাঙ্গা ঘাট, ফরিদপুর হতে গ্রহণ করতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৮॥ নিলামকৃত যানবাহন প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে এবং সাব মেরিন ক্যাবলের ষ্টিলের খালি ড্রাম ও ড্রামের ল্যাগিং জাতীয় মালামাল ভাজনডাঙ্গা ঘাট, ফরিদপুরে পরিদর্শন করা যাবে এবং প্রয়োজনে এতদ্বসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

০৯॥ দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহনযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। মোট দরে ভূল হলে একক দরকে বিবেচনা করে কর্তৃপক্ষ মোট দর সংশোধন করে নিবেন। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১০॥ দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১১॥ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহন /বাতিল করিবার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এজিএম (প্রশাসন)
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

07.02.2022
মোঃ আবুল হাসান
জেনারেল ম্যানেজার
ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি